ফোন বা ইন্টারনেটের মাধ্যমে আপনার রোড টেস্ট এর সময় স্থির করুন।

518-402-2100 অথবা dmv.ny.gov/roadtest

1-800-368-1186 (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য)

DMV রোড টেস্ট সময় স্থির করার ব্যবস্থা (Road Test Scheduling System) দ্রুত, সহজে ব্যবহার করা যায় ও সুবিধাজনক!
DMV রোড টেস্ট সময় স্থির করার ব্যবস্থাটি D, DJ বা E (যাত্রীবাহী গাড়ি বা ছোটো ট্রাক), M বা MJ (মোটরসাইকেল) লাইসেন্স শ্রেণীগুলির জন্য, A, B, C, ও Non-CDL C (বড়ো ট্রাক, ট্র্যাক্টর ট্রেলার বা বাস) বাণিজ্যিক লাইসেন্স শ্রেণীগুলির জন্য দিনে 24 ঘন্টা টেলিফোন বা ইন্টারনেটের মাধ্যমে রোড টেস্টের সময় স্থির করার, পুনরায় সময় স্থির করার, বা বাতিল করার জন্য উপলব্ধ। আপনি DMV ব্যবস্থাটি কোথায় রোড টেস্ট নেওয়া হচ্ছে তার দিকনির্দেশ পেতে অথবা আপনার স্থির করা রোড টেস্টের সাক্ষাৎ দেখে নিতেও ব্যবহার করতে পারেন।

একটি রোড টেস্টের সাক্ষাৎ স্থির করতে আপনার একটি বৈধ NYS শিক্ষার্থী অনুমতি থাকা আবশ্যক।

এই লাইসেন্স শ্রেণীগুলির যে কোনোটির জন্য টেলিফোন বা ইন্টারনেটের মাধ্যমেআপনার **রোড টেস্টের সময় স্থির করুন, পুনরায় সময় স্থির করুন বা বাতিল করুন:**

- **D, DJ** বা **E (**যাত্রীবাহী গাড়ি বা ছোটো ট্রাক**)** এবং **M** বা **MJ (**মোটরসাইকেল**)**
- শ্রেণী **A, B, C,** বা **Non-CDL C (**বড়ো ট্রাক ট্র্যাক্টর ট্রেলার বা বাস**) -** এই শ্রেণীগুলির যে কোনোটির জন্য রোড টেস্টের সময় স্থির করার আগে আপনার $40 রোড টেস্ট ফি প্রদান করা আবশ্যক। আপনি এই ফি টেলিফোনে**,** ইন্টারনেটের মাধ্যমে বা মোটর ভেহিকেলস দপ্তরে প্রদান করতে পারেন। আপনার রোড টেস্টের সময় স্থির করার সময় আপনার সেই নম্বরটি প্রদান করা আবশ্যক যা আপনার ফি প্রদান করার সময় প্রাপ্ত রসিদে দেওয়া রয়েছে।

সকল উপভোক্তার দ্রষ্টব্য: আপনার রোড টেস্টের সময় স্থির করার সময় অনুগ্রহ করে বিবেচনা করবেন যে আপনার রোড টেস্ট নেওয়ার আগে অনেকগুলি সপ্তাহ পার হয়ে যেতে পারে।

আপনার সাক্ষাৎ স্থির করা আগে:

আপনার কোনো NYS ড্রাইভিং লাইসেন্স না থাকলে রোড টেস্টের সময় স্থির করার আগে আপনাকে অবশ্যই একটি DMV-অনুমোদিত প্রি-লাইসেন্সিং কোর্স সম্পূর্ণ করতে হবে। আপনি কোনো অনুমোদিত কোর্স হাই স্কুলে, কলেজে ও পেশাদারী ড্রাইভিং স্কুলে করে নিতে পারেন। DMV-অনুমোদিত প্রি-লাইসেন্সিং কোর্স পেশ করে এমন কোনো ড্রাইভিং স্কুল বা অন্য কোনো প্রদানকারী খুঁজে পেতে টেলিফোন ডিরেক্টরির "ড্রাইভিং ইনস্ট্রাকশন" শীর্ষক অংশটি দেখুন। আপনার রোড টেস্টের সময় স্থির করতে আপনার নিম্নলিখিত শংসাপত্রগুলির একটি থাকা আবশ্যক:

- গত একবছরের মধ্যে জারি করা একটি **প্রি-লাইসেন্সিং কোর্স সম্পূর্ণ করার শংসাপত্র** (ফর্ম MV-278), অথবা
- গত 2 বছরের মধ্যে জারি করা একটি **শিক্ষার্থীর সম্পূর্ণ করার শংসাপত্র** (ফর্ম MV-285)।

আপনার শংসাপত্র হারিয়ে গিয়ে থাকলে আপনার রোড টেস্টের সময় স্থির করার আগে কোর্স প্রদানকারীর থেকে তার বদলে একটি শংসাপত্র নেওয়া আবশ্যক।

আপনার জুনিয়র শিক্ষার্থী অনুমতি থাকলে আপনার অনুমতিটির স্থিতি আপনার রোড টেস্টের দিনের অন্ততঃ 6 মাস আগে থেকে বৈধ **(**সাসপেন্ড হওয়া নয়**)** থাকা আবশ্যক। আপনাকে নির্ধারণ করতে হবে যে আপনি প্রয়োজনীয়তা পূরণ করেন কিনা**,** কারণ**,** আপনি আপনি প্রয়োজনীয়তা পূরণ না করলে আপনি রোড টেস্টের সময় স্থির করতে পারবেন না। আপনার অনুমতির স্থিতি বৈধ আছে কিনা জানতে আপনি একটি বিনামূল্যের MyDMV অ্যাকাউন্টে dmv.ny.gov-এ সাইন আপ করতে পারেন।

আপনার রোড টেস্টের সময় স্থির করতে:

টেলিফোন বা ইন্টারনেটের মাধ্যমে আপনার রোড টেস্টের সাক্ষাৎ স্থির করার সময় নিম্নলিখিত তথ্য প্রদান করুন:

- আপনার NYS শিক্ষার্থীর অনুমতি বা ড্রাইভিং লাইসেন্সের সামনে দেওয়া 9-অঙ্কের আইডি নম্বর।
- **আপনার NYS ড্রাইভিং লাইসেন্স না থাকলে** নিম্নলিখিত শংসাপত্রগুলির যে কোনো একটির নম্বর প্রদান করুন**:**
  - ✓ আপনার **প্রি-লাইসেন্সিং কোর্স সম্পূর্ণ করার শংসাপত্র** (ফর্ম MV-278), অথবা
  - ✓ আপনার ড্রাইভিং শিক্ষা কোর্সের **শিক্ষার্থীর সম্পূর্ণ করার শংসাপত্র** (ফর্ম MV-285)।
- আপনার 5-অঙ্কের জিপ কোড বা এলাকার জিপ কোড যেখানে আপনি আপনার রোড টেস্টটি দিতে চান।

আপনার রোড টেস্টের সাক্ষাৎ বাতিল করতে, পুনরায় সময় স্থির করতে বা নিশ্চিত করতে:

আপনার রোড টেস্টের সাক্ষাৎ বাতিল করতে, পুনরায় সময় স্থির করতে বা নিশ্চিত করতে dmv.ny.gov/roadtest দেখুন অথবা (518) 402-2100 নম্বরে ফোন করুন। আপনার NYS শিক্ষার্থীর অনুমতি বা ড্রাইভিং লাইসেন্সের উপরের 9-অঙ্কের আইডি নম্বর প্রদান করা আবশ্যক। ব্যবস্থাটি আপনার অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করবে। কোনো কারণে (উদাহরণস্বরূপ, খারাপ আবহাওয়ার কারণে বদল বা বাতিল হওয়া) আপনার সাক্ষাৎ বদলানো হয়ে থাকলে তা নিশ্চিত করতে ব্যবস্থাটিকে ব্যবহার করুন।

গুরুত্বপূর্ণ: শ্রেণী A, B, C, অথবা Non-CDL C এর জন্য রোড টেস্ট বাতিল করতে ও $40 ফি না হারাতে আপনার রোড টেস্টের তারিখের ও সময়ের 3টি পুরো কাজের দিন আগে আপনার সাক্ষাৎ বাতিল করা আবশ্যক। আপনি নিজের প্রদান করা $40 হারালে আপনার রোড টেস্টের সময় পুনরায় স্থির করার আগে আবার $40 প্রদান করা আবশ্যক।

আপনি ইন্টারনেটের মাধ্যমে বা টেলিফোন করে আপনার রোড টেস্টের সময় স্থির করার সময় আপনাকে টেস্টের সম্পর্কে তথ্য দেওয়া হবে। **আপনার রোড টেস্টের সময় স্থির করার সময় আপনার পাওয়া নির্দেশগুলি যত্ন সহকারে অনুসরণ করুন।** আপনার টেস্ট সম্পর্কে তথ্য নীচের শূন্যস্থানে লিখে নিন ও এই ফর্মটি রেখে দিন।

টেস্টের তারিখ	সময়	স্থান
নির্দেশাবলী		

(আপনার রোড টেস্ট সম্পর্কে তথ্য পেতে পৃষ্ঠা 2 দেখুন।)

আপনার রোড টেস্টে নীচের তালিকায় দেওয়া সবকিছু নিয়ে আসা আবশ্যক:

1. আপনার বৈধ NYS **ফটোসহ শিক্ষার্থীর অনুমতি।** আপনার ফটো না থাকা কোনো অন্তর্বর্তী বা অস্থায়ী অনুমতি থাকলে **আপনাকে অবশ্যই** আপনার NYS ফটোসহ অ-ড্রাইভার আইডি কার্ড বা NYS ফটোসহ লাইসেন্সও (অন্য স্টেটের ফটোসহ নথি গ্রাহ্য হবে না) নিয়ে আসা আবশ্যক। **দ্রষ্টব্য:** আপনার অন্য কোনো শ্রেণীর NYS ড্রাইভিং লাইসেন্স থাকলে এবং শ্রেণী বদলাতে বা আরেকটি শ্রেণী যোগ করতে রোড টেস্ট দেওয়ার প্রয়োজন হলে আপনার নিজের বর্তমান NYS ড্রাইভিং লাইসেন্সটি রোড টেস্টে নিয়ে আসা আবশ্যক।

2. একটি প্রি-লাইসেন্সিং কোর্স সম্পূর্ণ করার শংসাপত্র (ফর্ম MV-278) অথবা শিক্ষার্থীর সম্পূর্ণ করার শংসাপত্র (ফর্ম MV-285)। আপনার অন্য কোনো শ্রেণীর NYS ড্রাইভিং লাইসেন্স থাকলে এবং শ্রেণী বদলাতে বা আরেকটি শ্রেণী যোগ করতে রোড টেস্ট দেওয়ার প্রয়োজন হলে আপনার নিজের বর্তমান NYS ড্রাইভিং লাইসেন্সটি রোড টেস্টে নিয়ে আসা আবশ্যক।

3. আপনার জুনিয়র শিক্ষার্থীর অনুমতি থাকলে (DJ বা MJ) আপনার সেই সম্পূর্ণ করা তত্বাবধানের অধীনে ড্রাইভিং এর শংসাপত্র (ফর্ম MV-262) নিয়ে আসা আবশ্যক যাতে আপনার পিতা/মাতা বা অভিভাবক স্বাক্ষর করে শংসিত করেছেন যে আপনি তত্বাবধানের অধীনে প্রয়োজনীয় সংখ্যক ঘন্টা গাড়ি চালিয়েছেন। আপনি প্রতিবার রোড টেস্ট দেওয়ার সময় লাইসেন্স পরীক্ষককে MV-262 দেওয়া আবশ্যক।

4. পরীক্ষা দিতে আপনি যে গাড়িটি চালাবেন। গাড়িটি ভালো অবস্থায় থাকা আবশ্যক এবং একটি বৈধ রেজিস্ট্রেশন, একটি বৈধ পরিদর্শনের স্টিকার থাকা আবশ্যক এবং বিমা করানো থাকা আবশ্যক। আপনাকে অবশ্যই এমন কোনো চালকের সঙ্গে থাকতে হবে যার বয়স অন্ততঃ 18 এবং যার রোড টেস্টের গাড়ি চালানোর একটি বৈধ লাইসেন্স রয়েছে। আপনি রোড টেস্টের স্থানে গাড়িটি চালিয়ে গেলে আপনাকে অবশ্যই এমন কোনো ব্যক্তির সঙ্গে থাকতে হবে যার বয়স অন্ততঃ 21 এবং যার সেই প্রকারের গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে যেটি আপনি চালাচ্ছেন।

5. একটি মোটরসাইকেলের বা সীমাবদ্ধ ব্যবহারের মোটরসাইকেলের রোড টেস্ট দিতে আপনাকে অবশ্যই মোটরসাইকেলটি এবং একজন লাইসেন্সধারী চালক সহ একটি গাড়ি প্রদান করতে হবে যাতে টেস্ট চলাকালীন আপনি মোটরসাইকেল চালানোর সময় পরীক্ষক সেই গাড়িতে চড়ে আপনাকে পর্যবেক্ষণ করতে পারেন। আপনার একটি NYS ড্রাইভিং লাইসেন্স থাকলে আপনার সেই লাইসেন্সটি রোড টেস্টে নিয়ে আসা আবশ্যক।

6. শ্রেণী A, B, বা C এর রোড টেস্ট দিতে আপনি আবশ্যিকভাবে যুক্তরাষ্ট্রীয় স্বাস্থ্যের প্রয়োজনীয়তাগুলি পূরণ করলে আপনার রোড টেস্টে পরীক্ষককে দেখানোর জন্য একটি বৈধ স্বাস্থ্য পরীক্ষকের শংসাপত্র নিয়ে আসা আবশ্যক। স্বাস্থ্যের শংসাপত্রের প্রয়োজনীয়তা সম্পর্কিত তথ্যের জন্য MV-44.5 "Federal Requirements for Commercial Driver License Applicants" দেখুন।

আপনার রোড টেস্টের পরে

আপনি রোড টেস্টে **পাস** করলে:

শ্রেণী D, DJ, E, M বা MJ লাইসেন্সের জন্য

- **আপনার জারি করার তারিখ থেকে 1 বছরের বেশি সময় ধরে বৈধ শিক্ষার্থীর অনুমতি থাকলে:**
  DMV প্রায় 2 সপ্তাহের মধ্যে আপনার ফটোসহ লাইসেন্সটি ডাকযোগে পাঠিয়ে দেবে। আপনার অস্থায়ী লাইসেন্সের রসিদটি আপনার রোড টেস্টের তারিখ থেকে 90 দিন পর্যন্ত অথবা আপনার স্থায়ী ফটোসহ লাইসেন্স পাওয়া পর্যন্ত বৈধ থাকবে। **আপনার ফটোসহ লাইসেন্সের জন্য কোনো DMV দপ্তরে যাবেন না;** কোনো DMV দপ্তর আপনাকে ফটোসহ লাইসেন্স দিতে পারে না।।

- **আপনার জারি করার তারিখ থেকে 1 বছরের জন্য বৈধ শিক্ষার্থীর অনুমতি থাকলে:**
  7 দিন অপেক্ষা করুন, তারপর আপনার বর্তমান নথি এবং হয় আপনার অস্থায়ী লাইসেন্স **(**প্রযোজ্য হলে**)** অথবা আপনার রোড টেস্টের রসিদ সহ কোনো DMV দপ্তরে যান। আপনাকে অবশ্যই:
  - ✓ একটি ফি প্রদান করতে হবে
  - ✓ প্রয়োজনে আপনার ফটো তোলা হবে

  DMV দপ্তরে একটি অন্তর্বর্তী নথি জারি করা হবে এবং আপনার স্থায়ী ফটোসহ লাইসেন্সটি আপনাকে ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে।

শ্রেণী A, B, C, বা Non-CDL C লাইসেন্সের জন্য

7 দিন অপেক্ষা করুন, তারপর আপনার বর্তমান নথি এবং হয় আপনার অস্থায়ী লাইসেন্স **(**প্রযোজ্য হলে**)** অথবা আপনাররোড টেস্টের রসিদ সহ কোনো DMV দপ্তরে যান। আপনাকে অবশ্যই:

- ✓ একটি ফি প্রদান করতে হবে
- ✓ প্রয়োজনে আপনার ফটো তোলা হবে
- ✓ আপনার যুক্তরাষ্ট্রীয় স্বাস্থ্যের প্রয়োজনীয়তাগুলি পূরণ করা আবশ্যক হলে আপনার বৈধ স্বাস্থ্য পরীক্ষকের শংসাপত্র দেখাতে হবে।

DMV দপ্তরে একটি অন্তর্বর্তী নথি জারি করা হবে এবং আপনার স্থায়ী ফটোসহ লাইসেন্সটি আপনাকে ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে।

আপনি রোড টেস্টে **ব্যর্থ** হলে:

শ্রেণী D, DJ, E, M বা MJ লাইসেন্সের জন্য

- **আপনি আপনার প্রথম রোড টেস্টে ব্যর্থ হয়ে থাকলে:**
  আপনাকে নিজের দ্বিতীয় রোড টেস্টের সময় স্থির করতে আপনার রোড টেস্টের পরেরদিন পর্যন্ত অপেক্ষা করতে হবে। আপনার শিক্ষার্থীর অনুমতিটি অনুমতির উপরে মুদ্রিত মেয়াদ শেষ হওয়ার তারিখ পর্যন্ত বৈধ। আপনি আপনার অনুমতির মেয়াদ শেষ হওয়া পর্যন্ত অভ্যাসের জন্য গাড়ি চালাতে থাকতে পারেন। আপনার অনুমতির মেয়াদ আপনার পরবর্তী রোড টেস্টের আগে শেষ হয়ে গেলে আপনার একটি নতুন শিক্ষার্থীর অনুমতি প্রাপ্ত করা আবশ্যক। আপনার জুনিয়র শিক্ষার্থীর অনুমতি থাকলে (DJ বা MJ) আপনার প্রতিটি রোড টেস্টে একটি সম্পূর্ণ করা তত্বাবধানের অধীনে গাড়ি চালানোর শংসাপত্র (MV-262) নিয়ে আসা আবশ্যক।

- **আপনি আপনার দ্বিতীয় রোড টেস্টে ব্যর্থ হয়ে থাকলে:**
  আপনি এমন একটি **$10** ফি দেওয়ার আগে আরও কোনো রোড টেস্টের সময় স্থির করতে পারবেন না যা আপনাকে আরও **2টি রোড টেস্ট দেওয়ার সুযোগ করে দেবে।** আপনি এই ফি টেলিফোনে, অনলাইনে বা DMV দপ্তরে প্রদান করতে পারেন। আপনার শিক্ষার্থীর অনুমতি বৈধ থাকলে, মেয়াদ শেষ না হলে, আপনি অনুমতির মেয়াদ শেষ হওয়া পর্যন্ত অভ্যাসের জন্য গাড়ি চালাতে পারবেন। আপনার অনুমতির মেয়াদ আপনার পরবর্তী রোড টেস্টের আগে শেষ হয়ে গেলে আপনার একটি নতুন শিক্ষার্থীর অনুমতি প্রাপ্ত করা আবশ্যক।

  আপনার শিক্ষার্থীর অনুমতির মেয়াদ শেষ হয়ে গেলে আপনি একটি নতুন শিক্ষার্থীর অনুমতি না পাওয়া পর্যন্ত অভ্যাসের জন্য গাড়ি চালাতে বা আরেকটি রোড টেস্টের সময় স্থির করতে পারবেন না। আপনাকে অবশ্যই একটি নতুন ড্রাইভিং লাইসেন্সের আবেদনপত্র পূরণ করতে (ফর্ম MV-44) ও প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে। আপনি লিখিত পরীক্ষায় পাস করার 2 বছরের মধ্যে তা করলে আপনাকে আরেকটি লিখিত পরীক্ষা দিতে ও পাস করতে হবে না।

শ্রেণী A, B, C, বা Non-CDL C লাইসেন্সের জন্য

আপনি এমন একটি $40 ফি দেওয়ার আগে আরও কোনো রোড টেস্টের সময় স্থির করতে পারবেন না যা আপনাকে আরও একটি রোড টেস্ট দেওয়ার সুযোগ করে দেবে। আপনি এই ফি টেলিফোনে, অনলাইনে বা DMV দপ্তরে প্রদান করতে পারেন। আপনার শিক্ষার্থীর অনুমতি বৈধ থাকলে, মেয়াদ শেষ না হলে, আপনি অনুমতির মেয়াদ শেষ হওয়া পর্যন্ত অভ্যাসের জন্য গাড়ি চালাতে পারবেন।

আপনার শিক্ষার্থীর অনুমতির মেয়াদ শেষ হয়ে গেলে আপনি একটি নতুন অনুমতি না পাওয়া ও প্রয়োজনীয় ফি প্রদান না করা পর্যন্ত অভ্যাসের জন্য গাড়ি চালাতে বা আরেকটি রোড টেস্টের সময় স্থির করতে পারবেন না।